তারিখ 11 APR 2016
পৃষ্ঠা [illegible] কলাম 2

দৈনিক
ইত্তেফাক

# শিবালয়ের জাফরগঞ্জ উচ্চ বিদ্যালয়ে একদিন পরপর শিক্ষার্থীদের ছুটি!

শিবালয় (মানিকগঞ্জ) সংবাদদাতা

যমুনার ভাঙনের শিকার হয়ে গত ২৫ বছরে বিদ্যালয়টি তিনবার ঠিকানা বদলেছে। নদীগর্ভে সব চলে গেলেও প্রতিবারই নতুন উদ্যমে শিক্ষা কার্যক্রম শুরু করে বিদ্যালয়ের ছাত্র-শিক্ষকরা। সর্বশেষ গত ৬ মার্চ বিদ্যালয়ের টিনের বড় ঘরটির চাল ঝড়ে উড়ে যায়। ফলে শ্রেণিকক্ষ সংকটে পড়ে একদিন পর পর ছুটি দিয়ে চলছে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির শিক্ষা কার্যক্রম। মানিকগঞ্জের শিবালয় উপজেলার ঐতিহ্যবাহী জাফরগঞ্জ উচ্চ বিদ্যালয়ের ঘটনা এটি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক শওকত আলী ইত্তেফাককে জানান, ১৯৬৮ সালে প্রতিষ্ঠিত বিদ্যালয়টির মূল জমি ও ভবন প্রায় ২৫ বছর আগে যমুনাগর্ভে বিলীন হয়। পরে প্রায় ১ কিলোমিটার পূর্বদিকে বন্দর সংলগ্ন এলাকায় বিদ্যালয়টি স্থাপিত হয়। কিন্তু দুই বছর আগে দোতলা জমি-ভবনসহ পুনরায় নদীগর্ভে বিলীন হয় বিদ্যালয়টি। কিছুদিন পর দানকৃত জায়গায় বিদ্যালয়টি নতুনভাবে কার্যক্রম শুরু করে। সেখানে দুই-তিনটি টিনের ঘড় উঠিয়ে বিদ্যালয় পরিচালনা করা হচ্ছে। কিন্তু গত ৬ মার্চ বিকেলে প্রচণ্ড ঝড়ে বিদ্যালয়ের ৯০ ফুট লম্বা টিনের বড় ঘরটি বিধ্বস্ত হয়। ঝড়ে টিনের চাল উড়ে যায়। বিদ্যালয়ে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির শিক্ষার্থী সংখ্যা বেশি হওয়ায় তাদের একদিন ক্লাস করিয়ে পরের দিন ছুটি দেয়া হয়। এভাবে পালাক্রমে পাঠদান চালিয়ে যেতে হচ্ছে। এমন পরিস্থিতিতে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। সরকারি মঞ্জুরী ও স্থানীয়ভাবে আর্থিক সহযোগিতা পাওয়া গেলে নতুন শ্রেণি কক্ষ নির্মাণ করা সম্ভব।